# কাজের খতম।

( বড়দিনের পঞ্চরং )

ক্লাসিক থিয়েটারে অভিনীত।

শ্রীঅমরেন্দ্র নাথ দত্ত প্রণীত।



শ্রীজ্ঞানেন্দ্র চন্দ্র বসু দ্বারা প্রকাশিত।

১৮৯৮।

মূল্য ।০ চারি আনা।

# রঙ্গোক্ত পাত্রপাত্রীগণ।

## পুরুষগণ।

| | |
|---|---|
| রমাকান্ত | গোঁড়া হিন্দু। |
| মিঃ ভোস্ | ঐ পুত্র। ( [illegible] ) |
| কুলচন্দ্র | ঐ শ্যালক ( এডিটার। ) |
| গণেশগোবিন্দ | বিলাত ফেরত ডাক্তার। |
| মতিলাল | থিয়েটারের অভিনেতা। |
| ফটিক | গণেশগোবিন্দের বাটীর প্রেমিক ভৃত্য। |
| মিঃ পল্টু | মিঃ ভোসের পুত্র। |

বাচস্পতি, স্যাকরা, চুরুটওয়ালা, আরদালী, খানসামা বালকগণ ইত্যাদি।

## স্ত্রীগণ।

| | |
|---|---|
| সুশীলা | রমাকান্তের দ্বিতীয় পক্ষের স্ত্রী। |
| শশিকলা | মিঃ ভোসের পত্নী। |
| রঙ্গিণী | গণেশগোবিন্দের স্ত্রী। |

স্যাকরাণী, চুরুটওয়ালী, মনি হ্যাণ্ডবিলওয়ালী, নাপ্তিনী বেঙ্গানীবেশা বেশ্যাগণ, বালিকাগণ, বাউল রমণীগণ অভিনেত্রীগণ ইত্যাদি।

# কাজের খতম।

## প্রস্তাবনা।

স্কুলের ছাত্রীগণ।

গীত।

(ওলো) দিদি ঘুচ্‌লো যাওয়া থিয়েটার।
স্কুলের পড়া, নিগুর ছড়া,
এ জীবনে হ'ল সার।
মা মানা ক'রেছে, বাবা কত বলেছে,
গুরুমা শিক্ষা দিয়েছে;
বলে 'যেওনাকো থিয়েটার, কুরুচি আধার।'
সেথা নটী নাচে, নাইক তাদের জাত,
(তবু) জেনে শুনে বাবু ভেয়ে, ফেরে সাথে সাথ,
(ছি ছি) মুখে বড়াই, একিরে ছাই, মনে শুধু
ফক্কিকার॥

হিঁদুয়ানি গো টু হেল, পেয়েছি কালেজী
আক্কেল,
ড’কুবো কেবল যিশুখ্রীষ্ট আর সকলি
ভেল।
চক্ষু বুজে, ভাবে যোজে গাইব যিশুর জয়
জয় কার।
বল ‘শান্তি’ ‘শান্তি’ ঘুচলো ভ্রান্তি, উড়লো
নিশেন সভ্যতার॥

---

# প্রথম অঙ্ক।

## প্রথম গর্ভাঙ্ক।

[বৈঠকখানা।]

( রমাকান্ত, গণেশগোবিন্দ, বাচস্পতি ও এডিটার আসীন। )

বাচস্পতি। তা যাই বলুন বড় বাবু, আপনি একজন গোঁড়া হিঁন্দু হ'য়ে সমাজের নেতা হয়ে, ছেলেকে বিলেত পাঠালেন কৌন্সুলি হবার জন্যে—এটা যে বড় যুক্তিপূর্ণ কাজ হ'য়েছে, তাত আমি কিছুতেই ব'লতে পারব না। আপনারা যেমন পথ দেখাবেন, পাঁচজনেও সেই পথ অনুসরণ ক'রবে। তবে আপনি ধনী, কাজেই আপনার কাজের প্রতিকূলে কেউ দাঁড়াতে পারে না। আর সমাজের অবস্থার দিন দিন যেরূপ অবনতি হচ্ছে, তাতে স্পষ্টই বোঝা যায়, হিন্দু ধর্ম্ম আর বড় বেশী দিন টেঁকবেনা।

রমাকান্ত। দেখুন বাচস্পতি মশায়, দান বলুন, দেবভক্তি বলুন ধর্ম্মে অনুরাগ বলুন, আর আর যে কোন সৎকার্য্যই বলুন, পৃথিবীতে কেউ নিঃস্বার্থ হয়ে করে না। আমার মনে মনে ধারণা ছিল, যে আমি হিন্দুসমাজে বিশেষ প্রতিপত্তি লাভ ক'রেছি; আমার জীবন এক রকমে কেটে যাবে। তবে ছেলেটারত একটা হিল্লে করা চাই, আর ছেলে বেলা থেকে ওর একটা কেমন বাই, বিলেত যাব, কৌন্সুলি হব। সাত পাঁচ ভেবে সেই জন্যেই পাঠিয়েছিলুম। নইলে কোন্ বাপের সাধ বলুন, পাঁচ পাঁচ বচ্ছর ছেলেকে কালাপানি পার ক'রে রাখা।

এডি। তা কি এমন অন্যায় কাজ ক'রেছেন! গোবর খাইয়ে প্রায়শ্চিত্ত ক'রে নিলেই হয়, আবার দলে মিশে যেতে কতক্ষণ! হিন্দুধর্ম্ম আজকাল বাজারে জিনিষ হ'য়ে দাঁড়িয়েছে! Last week এর (লাষ্ট উইক) কাগজে আমার একটা article (আর্টিকেল) দেখেছিলেন? আমি সমস্ত হিন্দু Community কে adress (কমিউনিটিকে আড্রেস) ক'রে লিখিছি, হিন্দু-ধর্ম্মের অবস্থা আজকাল যে রকম শোচনীয়, তাতে কোন হিন্দুর আর হিন্দুধর্ম্মের উপর আস্থা রাখা উচিত নয়!

রমাকান্ত। আমার অদৃষ্ট! ভেবেছিলুম বিলেত থেকে ফিরে এলে বুঝিয়ে সুঝিয়ে প্রায়শ্চিত্ত করিয়ে কোন রকমে যেমন ছিল সেই রকম করিয়ে নেবো। ও বাবা! এ একেবারে বিগড়ে গেছে। ধুতি চাদর প'রতে অনুরোধ করেছিলুম, আমায় থাপ্পি মারতে বাকী রেখেছিল। তার উপর আবার কপালক্রমে বৌমাটিও তেমনি হ'য়ে উঠেছে। চব্বিশ ঘণ্টা গাউন প'রে বডি এঁটে, বুকে ক্রস দিয়ে, জুতোর ঝক্কিনী হ'য়ে, দাঁড়িয়েছেন। আবার আমার দ্বিতীয় পক্ষের স্ত্রী,—

এডি। হাঁ সেইটিই বিশেষ একটি Difficulty (ডিফিকাল্টি) হয়েছে বটে; আমার Sister (সিষ্টার) একে Tender age (টেণ্ডার এজ) তাতে tender mind (টেণ্ডার মাইণ্ড) আর বৌঠাকরুণও আড়ে হাতে লেগেছেন Sisterটিকে (সিষ্টার-টিকে) Reform (রিফরম্) ক'রবার জন্যে। কবে শাড়ী ছেড়ে গাউন প'রে জুতো পায়ে দিয়ে ব'সেন দেখ।

বাচ। সংসারে অসৎ কার্য্যের ফল প্রায়ই বিষময় হয়, পৃথিবীতে সৎকার্য্য কেবল চারটি আর সব অসৎ।

অসারে খলু সংসারে সারোমেব চতুষ্টয়ং।
কাশ্যাংবাসঃ সতাং সঙ্গ গঙ্গাম্বু শম্ভু সেবনম্॥

রমা। আচ্ছা ডাক্তার বাবু! আপনিত বিলেতে ডাক্তারি পাশ দিয়েছিলেন, বিলেতের সব খবরই রাখেন; শুনেছি নাকি বিলেতে গেলে আর ফিরুতে ইচ্ছা করে না। আর নেহাত দায়ে পড়ে ফিরতে হলেও কল্‌কাতায় চাপ আর প্রাণে বসে না।

গণেশ। Oh! that is a plaee of great attraction (ও হ্যাট ইজ্ এ প্লেস্ অফ্ গ্রেট এট্র্যাকসন্) সে দৃশ্য দেখলে আর কখন ভোলা যায় না। সেখানকার ইংরাজদের ব্যাভার most charming (মোষ্ট চারমিং) আপনারা বিলেতের নিন্দে ক'রছেন, English etiquette (ইংলিস এটিকেট্) গুলোকে condemn (কন্‌ডেম্) ক'রছেন, যদিও আমার এটা খুব unpleasant (আনপ্লেজ্যাণ্ট) বোধ হচ্ছে। কিন্তু কি ক'রবো বলুন Compelled (কম্পেল্ড) হ'য়ে চুপ করে আছি; কারণ আমি আপনার Paid family Doctor (পেড ফ্যামিলি ডক্টর)। Financial question is the question in this world. (ফাইন্যানশ্যাল কোস্‌চ্যান ইজ্ দি কোসচ্যান ইন্ দিস ওয়ারল্ড)।

(মতিলালের প্রবেশ)

মতি। এই যে কটি রত্ন একত্তর হ'য়ে আলো ক'রে ব'সে

আছেন! কার মুচ্ছ সুরু ক'চ্ছ, কাকে এক খপে কাবুলার মৎলব আঁটছ? আজ কার পালা?

রমা। আমাদের আর বুঝি অন্য কাজ নাই?

মতি। বড়লোকের আর কাজ কি বাবা! তা বাবা, আমার আরজিটার কি হবে বল দেখি; ঢের রকম ক'রে বলেছি, বিস্তর রকমে বুঝিয়েছি, হাতে পায়ে পর্য্যন্ত ধ'রেছি। তবু বাবা! তোমাদের মন ফেরাতে পারিনি; একদিন কথাটা রাখ না বাবা, চল না একদিন থিয়েটার, দেখে আসবে কোথায় বাবা খারাপ যায়গা, একদিন গেলেইত আর ছোট লোক হ'য়ে যাবে না। অনুরোধে লোকে সব করে, জজকেও রায় ফিরিয়া লিখতে হয়।

এডি। ছি, ছি, আবার সেই কথা? বাঙ্গালা থিয়েটারে যাব আমরা?

গণেশ। Native Theatre nasty nasty, (নেটিভ্ থিয়েটার ন্যাষ্টি ন্যাষ্টি)

মতি। একেবারে একটা ধারণা করে ব'সে আছ কেন বাবা? উনি বল্লেন বাঙ্গালা থিয়েটারে যাব আমরা? কেন বাবা, কে তুমি, মুর্শিদাবাদের নবাবের নাতি? না হাজিকারবাগানের পারাপুকুর, কেন বাবা তোমাদের চেয়েও কি বড়লোক Native Theatre এ (নেটিভ থিয়েটারে) আসে না? বড় বড় Independent (ইণ্ডিপেণ্ডেণ্ট) রাজা, জজ অনুকুল বানার্জি, মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর এঁরা কি বড়-লোক নন?

রমা। আচ্ছা মতিলাল, আমাদের থিয়েটারে নিয়ে গিয়ে তোমার এমন কি স্বার্থসিদ্ধি হবে?

গণেশ। উনি সেখানকার একজন Actor ( অ্যাক্টার ) কি না? পাঁচটা ভদ্রলোক নিয়ে গেলে টিকিট বিক্রী হবে, তাহলেই ওঁর মাইনে বাড়বে।

মতি। না বাবা নিজের পিল্লেদের জন্যে তোমাদের দ্বারস্থ হয়ে, এতটা জেদ্ ক'রছি তা মনে করোনা। কি জান বাবা আমি একটু মুস্কিলে প'ড়ে গেছি, সোজা কথায় তোমায় বুঝিয়ে দিই, একজন Poetকে ( পোয়েটকে ) যদি বল, যে তুমি Poetry (পোয়িট্রি) লেখা ছেড়ে দাও, একজন Painterকে ( পেণ্টারকে ) যদি বল যে, তুমি Painting ( পেণ্টিং ) ভুলে যাও,—এই বাবা তুমি বড়লোক, তোমায় যদি আমি বলি কোম্পানির কাগজের সুদ নেওয়া ছেড়ে দাও, তুমি কষ্টে ম'রে যাবে। সেই রকম বাবা। থিয়েটারের মধুরস প্রাণে বসে গেছে। এ কাজের Fancy (ফ্যানসী) টুকু হাড়ে হাড়ে বিঁধেছে। কাজেই যাতে এ জিনিসটাকে জাগিয়ে তুলতে পারি, ছোট বড় সকলেরই আদরের জিনিস ক'রতে পারি, তা কি মনে যায় না? তুমি বাবা সমাজের "নেতা" বাড়ীটিকে একটি চিড়িয়াখানা ক'রে রেখেছ। সব মূর্ত্তিই একত্রে বিরাজমান, গোঁড়া হিন্দু আছেন, কোম্পানী সাহেব আছেন, বিলেত ফেরত ডাক্তারও আছেন, তোমাদের একটাকে বাগাতে পারলেই বাবা, কমিটির ঘুঁটি ধ'রে টানতে পারবো।

বাচস্পতি। রামচন্দ্র! রামচন্দ্র! আজকালকার থিয়েটার নরক, নরক! সেথায় নটীসংকীর্ত্তন করে, ওরূপ স্থানে ভদ্রলোকে যায়?

মতি। দেখুন বাচস্পতি মহাশয়! বেশি কথা ব'ল্‌বেন না, আমি সকলকেই জানি, সকলকারই হাল আমার বিদিত, আপনাকেও জানি, ডাক্তার সাহেবকেও জানি, আর আমাদের ঐ এডিটার মহাশয়কেও জানি, বাবা! হিন্দুধর্ম্মের গোঁড়ামী ক'রে বেড়াও; কুলীনপুত্রের বাড়ী গিয়ে বিদেয় নিয়ে এস, একি রকম বাচস্পতিত্ব বাবা! বেশ্যাপল্লীতে গিয়ে পয়সার জন্যে ঠাকুরপূজা কর; দিইদিকি বাবা! অষ্টগণ্ডা পয়সা হাতে, বেশ্যায় হরিনাম করে ব'লে থিয়েটারে যেতে চাচ্ছনা, সেই বেশ্যার বাড়ী নিয়ে গিয়ে হবিষ্যি করিয়ে আন্‌তে পারি কিনা?

রমা। শোন! শোন, মতিলাল চোটোনা, আমি যে দোষগুলো দেখিয়ে দিই, সেইগুলো ক্ষালনের চেষ্টা করনা কেন? তা হলেত আমাদের যাবার কোন বাধা থাকে না।

মতি। আচ্ছা বাবা! এক একটী ক'রে বল, আমি জবাব দিচ্ছি দোষ ব'লে প্রমাণ করিয়ে দিতে পার, মাথা হেঁট ক'রে, দোষ স্বীকার ক'রে—সেগুলি পরিষ্কার ক'রে তবে এসে আবার তোমাদের নিয়ে যাবার জন্যে জেদ ক'রবো।

রমা। এই শোন। প্রধান দোষ তোমরা বেশ্যা নিয়ে থিয়েটার কর।

মতি। রোসো বাবা! আগে এই কথাটার উত্তর দিই। "মানি বটে, বেশ্যা সঙ্গ অতি ঘৃণ্য!" তার চারা কি বাবা, গোঁপ মুড়িয়ে গোবিন্দ অধিকারী হ'য়ে বেরুলে তোমরা আস্‌বে কেন বাবা? তোমাদের পাঁচ জনেরই ভণ্ডামিতে ভুলে, আসমানে দুর্গো নির্ম্মাণ ক'রবো আশা ক'রে ৺রাজ-

কৃষ্ণ রায় মোক্তার একদল নিয়ে থিয়েটার ক'রেছিলেন। বাবা যে কাঁচা পাকা বুদ্ধ নেই, তাদের কোমর ঘুরান ভাল লাগ্‌বে কেন বাবা! দুদিনেই পাততাড়ি গুটুতে হ'ল! তাই বল্‌চি বাবা যে কাজটাই কর, তার স্থায়িত্বের উপর আগে দৃষ্টি রাখতে হয়। সুতরাং থিয়েটার যদি স্থায়ী করতে হয়, তবে মেয়ে মানুষের সঙ্গ প্রধান দরকার; তবে একটা কথা হ'চ্ছে বেশ্যা। উপায় কি বাবা? অবস্থা বুঝে ব্যবস্থা; তোমরাত আর ঘরের মাগ বের ক'রে দেবে না? আর আমার নেই আমি দেবই না। দেশের অবস্থা এখনও ততটা উন্নতি করা যায়নি। আর আমার মতে বাবা, ভদ্র-লোকের মেয়ে বের ক'রে রঙ্গমঞ্চে দাঁড় করানর চেয়ে বেশ্যা সঙ্গ খুব ভাল। বাঙ্গালির কুলস্ত্রীরা অসূর্য্যম্পশ্যা, একেবারে দশ হাজার লোকের সামনে বের করে দেবে সেটা কি ঠিক্ কাজ হবে? সইবে কেন বাবা, আর ইংরেজদের কি জান, ওদের ভগবান আলাদা রকমে গড়েছে। দেখনা বাবা ফিক্‌ফ্ ফিক্‌ফ্ মেমগুলো, অসুরের মতন ইংরাজগুলোকে কেমন টিট্ রাখে? আর এটা মনে ক'রনা বাবা যে ইংরাজি থিয়েটারে যারা আছেন তারা সকলেই সতীলক্ষ্মী! তবে তারা ইজ্জত রাখতে জানে, আমাদের এরা দশটাকার মুখ দেখলে অস্থির হয়ে পড়েন।

গণেশ। অত তর্কাতর্কির দরকার কি? থিয়েটার জিনিষটাই ভাল নয়

সতি। কেন বাবা ডাক্তার সাহেব ভাল নয় দোহাই বাবা বুঝিয়ে দিতে হবে।

গণেশ। সেখানে গেলে লোকের চরিত্র খারাপ হয়,

মতি। তোমরা যদি খারাপ কর বাবা, সেকি থিয়েটারওয়ালাদের দোষ? খালি মন্দটুকু নিতে জান বাবা, ভালটুকু নিতে জান না। এমন লোকত থিয়েটারে আসে বাবা, যাঁরা ধর্ম্ম-পুস্তকের অভিনয় দেখে কাঁদে! তোমাদের মতন লোকে গিয়ে, কার মুখখানা ভাল, কার Cat's eye (ক্যাটস্-আই) কার Rosy cheek (রোজী চিক্) এই সব দেখ বৈত না। থিয়েটারটা খারাপ, কেন বাবা? এটা স্বীকার ক'রতে হবে যে এটা একটা Art (আর্ট), সকলেই মনে ক'রলে Actor (অ্যাক্টার) হ'তে পারে না, Painter (পেণ্টার) হ'তে পারে না, পোয়েট হ'তে পারে না, ভগবানিদত্ত একটু Genious (জিনিয়স্) চাই, একটু কেন বিলক্ষণ চাই। দেখ বাবা ডাক্তার! বাচস্পতির কুলের কথা বার ক'রে চুপ করিয়েছি, এইবার বাবা তোমায়ও চুপ করাচ্ছি। গেরস্তের ছেলে তুমি, যেই বাপ মারা গেল, ভদ্রাসনটুকু বেচে বিলেতে পাড়ি দিলে। মনে ক'রেছিলে, কল্‌কাতায় ফিরে এসে একটা মাতব্বর হয়ে ব'সবো। পোষাকেরই চটক্ বাবা! পায়ে গাঁড়ি চন্‌চন্, যেম্‌নি তুমি তোমার সহধর্ম্মিণীও তদ্রূপযুক্ত; গাউনের জন্যে, আর ক্রাউনের জন্যে বাপান্ত না ক'রছে এমন দিনই নাই। ভাগ্যিস্ রমাকান্ত বাবুর Family Doctor (ফ্যামিলি ডাক্তার) হ'তে পেরেছিলে! তাই যা হোক ক'রে চেয়ারের বদলে কেরোসিনের বাক্সোর ব'স, আর টেবিলের বদলে কুলুঙ্গিতে খাচ্ছ, আর দু একটা মর্ত্তমান রম্ভা বদলে দিতে পাচ্ছ।

এডি। থিয়েটারত আমোদের জিনিস; দাঁড়াও অগ্রে দেশের দুঃখ দূর হোক, দরিদ্রতা নিবারণ হোগ, তারপর আমোদের বিষয় মনোযোগ করা যাবে।

মতি। দেশের দুঃখ দূর ক'রবে কে বাবা! তোমার মতন এডিটর কাগজে Article(আর্টিকেল) লিখে? কি ব'লবো বাবা! কোম্পানীর কোন আইন নাই! এডিটার হলেই হ'ল তা না হলে তোমার মতন এডিটারকে আমি নাকের জলে চোকের জলে ক'রতুম! দরিদ্রতা নিবারণ হবে কোথেকে বাবা! কায়েত বামুনের আরকি পয়সা থাক্‌বার যো আছে? আজকাল ছোট লোকদের ঘরে পয়সা! কায়েত বামুনের মধ্যে যদি একটা সঙ্গতিসম্পন্ন হ'লেন, অমনি কুটুম, কুটুম, তার কুটুম, তস্য কুটুম এসে জুটলেন। কাজেই বাবা দিনে দুপোখানা পাত প'ড়তে সুরু হ'ল! পয়সা কতদিন থাকে বাবা! এই দেখ না বাবা তুমি দ্বিতীয় পক্ষে রমাকান্ত বাবুকে বোন্ দিয়েছ, নিজেও এসে পুষ্যিপুত্তুর হ'য়ে ব'সেছো! তবে পকেট্ খরচার কিছু চাই, ঐ এক কাগজের খুও বার ক'রে এডিটার হ'য়ে ব'সেছো!

রমা। শোন, শোন মতি! আর আমার যে দোষ গুলো বলবার আছে, সেগুলো বলি।

বাচ। বড়বাবু আর দোষে কাজ কি?

"দুর্জ্জনা দোষমিচ্ছন্তি, গুণমিচ্ছন্তি সাধবঃ।

মতি। পথে এস বাবা বাচস্পতি, তোমার দুশো প্রণাম, থিয়েটারের বাবুকে ব'লে আজই তোমার দুটাকা ক'রে বার্ষিক বন্দোবস্ত ক'রে দিচ্ছি, ঠিক্ সময়ে সময়ে গিয়ে নিয়ে এস।

দেখুন রমাকান্ত বাবু, দোষ দেখাতে গেলে সকলেরই দোষ দেখান যায়। বাকী গুলো আর একদিন শুনে যাব। দোষ দেখাচ্ছেন, আপনার দোষগুলো আগে সোদরান্ দেখি, হিন্দুধর্ম্মের নেতা বলে পরিচয় দেন! এদিকে চুলটিতে কলপ দিয়ে সোজা সিঁতেটুকু কেরান আছে, কালাপেড়ে ধুতিখানি পরা আছে, তার উপর ধোপদাস্ত কামিজের উপর হরিনামের মালা ঝুলিয়ে ভণ্ডাম জাহির ক'রছ, লোককে সচ্চরিত্র হইতে শিক্ষা দাও, কিন্তু তোমার চরিত্রই কি খুব মার্জ্জিত বাবা! প্রথম মাগ মারা গেল গেলই, ফের আবার বে করলে কেন বাবা? তোমার হিন্দুশাস্ত্রে কি এটা ব্যবস্থা আছে? দ্বিতীয়পক্ষের বে করা আর ভদ্র রকমের বেশ্যা রাখা এ দুইই সমান। যাগ্ বাবা আর কথা বাড়িয়ে কাজ নাই। আচ্ছা থিয়েটারে না যাও নাই যাবে, আমার এই অনুরোধটী রাখ, বাগানে মেয়েমানুষ নিয়ে যাও বাবা। এক দিন ব্যবস্থা কর, থিয়েটারের কটি অ্যাক্ট্রেসকে নিয়ে আমি তোমাদের বাগানে যাচ্ছি, থিয়েটারে যেমন সেজেগুজে তারা নাচে গায়, তোমাদের বাগানে সেই রকম নাচবে গাইবে। দেখি বাবা তারপর তোমরা থিয়েটারে আস্তে রাজী হও কিনা?

রমা। আচ্ছা এতে আমি রাজী আছি।

গবে। O yes, this is a very fair proposal. (ও ইয়েস্! দিস্ ইজ্ এ ভেরি ফেয়ার প্রোপোজ্যাল)।

এডি। Ditto Ditto. ডিটো ডিটো।

রমা। কিন্তু একটা কথা, যতীনত তোমার বন্ধু, তাকে একবার বল।

মতি। আচ্ছা বাবা সে ভার আমার রইল। বারেষ্টার সাহেব, লোক ভাল। কাকুতি মিনতি ক'রে ব'ল্লে কথা এড়াতে পারবে না। তবে বাবা আমি এখন উঠি, কোন্সুলি সাহেবের উদ্দেশে চল্লুম।

রমা। হাঁ আমরাও তবে উঠি বেলা হয়েছে।

---

# প্রথম অঙ্ক।

## দ্বিতীয় গর্ভাঙ্ক।

[ রাস্তা। ]

( নাপতিনীগণ। )

গীত।

ছেড়ে ক'ল্‌কেতা বোন হবো গঙ্গার পার ;
পুঁজি পাটা চুলোয় গেল, পেট চালান হ'ল ভার
হুটী নিয়ে যাই বাড়ী বাড়ী, ছুঁড়ি খাড়ি বেরিয়ে
বলে এই দাঁড়া ঝাড়ি,
গিন্নীরা সব গাউন পরে ছেড়েছে শাড়ী,
দেখ বুটের বহর বেজায় জবর এগোবে কে সাধ্যি কার।
( তখন ) গিন্নীরা সব যেতেন থিয়েটার,
সেধে সেধে নাপতিনীদের সব পেত'নাক বার ;
হাতে পায়ে আলতা দিয়ে হত কি বাহার।
( এখন ) কলেজ গিয়ে নলেজ হ'ল থিয়েটার,
এক ব্যভিচার॥

# প্রথম অঙ্ক।

## তৃতীয় গর্ভাঙ্ক।

ড্রয়িং রুম।

শশিকলা ও সুশীলা।

শশী। এই দেখ দেখি, আজ যা'হ'ক তবু একটু মানিয়েছে। মাথায় কাপড় না দিলে, কি আর লজ্জা রক্ষা করা হয় না? গাউন তোমাকে পরতেই হবে! আজ না হয় দুদিন পরে, তোমায় পরাবই পরাব। তুমি অমন কর কেন? আমার কাছে জড়সড় হও কেন? হলেই বা তুমি আমার শ্বশুরের স্ত্রী!—দ্বিতীয় পক্ষের ত বটে! আর বয়সও প্রায় এক— তোমায় আমি Dear mother-in-law (ডিয়ার মাদার ইন্ ল) বলে ডাকবো।

সুশীলা। তা—বৌ—তা বৌ, আমার কি আর সাধ যায় না? চোরায় কি আর পায়েস খায় না? তবে কি জান, তবে কি জান, আমার স্বামী গোঁড়া হিন্দু, তাতে ভণ্ডামি নাই একটি বিন্দু। আমি যদি গাউন পরি, তা হ'লে কি সে বাঁচবে, দম ফেটে মরবে!

শশী। মানলুম আমার শ্বশুর মহা হিন্দু, ধর্ম্মের অবতার, সমাজে তাঁর খুব পসার, কিন্তু এটা কি রকম বিচার, ছেলেকে পাঠালেন কালাপানি পার। এটায় হিঁদুয়ানী বজায় রইল বেজায়! আপনার বেলা ষোলকড়া, পরের ভাতে ছাই পাড়া! অত কি চলে, অত কি চলে। দেখাবে যেমন পথ,

যাব সেই পথে চলে। ধর্ম্ম-অধর্ম্ম-হিন্দুয়ানী, আমরা যাব কেন অত গোলে।

সুশীলা। তা—বৌ তা—বৌ, তাঁকে কেমন ক'রে দোষ দি? আব্দার ধ'র্‌লে ছেলে, তিনি করেন কি, করেন কি?

শশী। ছি, ছি, ছি! তুমি আপনার দিকে চাইতে শিখ্‌লে না? আপনার রাস্তা বেছে নিতে জান্‌লে না? উনি যেন কচি খোকা, ছেলের দুটো কথা শুনে বোকা বোকা অমনি দিলেন বিলেত পাটিয়ে! তোমায় বুঝি চুপ করিয়েছে ঐ রকম বুঝিয়ে!!

সুশীলা। তা-বৌ তা-বৌ, তুমি যা ব'ল্‌লে, আমি তাই করবো! তবে সব কি পার্‌বো, সব কি পারবো?

শশী। কেন পারবে না? আমি কি একেবারেই পেরেছি? ক্রমে—ক্রমে—ক্রমে তবে বদ্‌লিছি!

সুশীলা। তবে আমিও বৌ ক্রমে—ক্রমে—ক্রমে, মজবো খৃষ্টানি প্রেমে—প্রেমে—প্রেমে।

শশী। তা যা হ'ক্ আজ আর একটি ক'রতে হবে, মাথায় কাপড় দেওয়া ঘুচিয়েছি, কাপড় ফেরতা দিয়েও পরিয়েছি; কিন্তু খালি পা, এটা আমি সইতে পারবো না। র'য়েছে আমার ভিসীন শ্লিপার, পর পায়ে খুলুক বাহার!

সুশীলা। তা-বৌ তা-বৌ, একেবারে অত'টা, সইবে-কেন ততটা? হ'ল আগে, এটা ওটা, সেটা, তবেত জুতোটা?

শশী। ঠেলনা আমার কথাটা। কে আর দেখ্‌তে আস্‌বে, কর্ত্তা এলে না হয় খুলে রাখবে। ক্রমেত ক'র্‌তে হবে, ধুতি চাদর ছাড়িয়ে, কর্ত্তাকে হ্যাট কোট ধরাবে। আমি এই

হাতে ক'রে, সোহাগ ভরে, পরিয়ে দিই মা পায়ে ধ'রে। (স্লিপার পরাইয়া) দেখ! খুব কি বাহার! নয়ন ফেরে নাক আর! থাকলে কবি, আঁকত' ছবি, তার ঘরে ফেরা হ'ত ভার।

গীত।

পরিয়ে পায়ে ভিসীন স্লিপার,
দেখ খুলেছে বাহার।
বেয়ার ছুটে যেড়িয়ে ছুটে, লাজের মাথা খেওনা আর॥
দুটি ঠোঁটে রুম অফ্ রোজ,
(দিব) এমনি করে রোজ রোজ,
সাড়ী ছাড় গাউন পর, হিঁদুয়ানীর মুখে ক্ষার॥

সুশীলা। তা-বৌ তা-বৌ আমি এখন যাই! বোঠান এসে পড়লে, হবে এক বালাই!! জিজ্ঞাসা কর্‌লে, কি বলবো ছাই!

শশী। (ঘড়ি দেখিয়া) এইত মোটে চারটে, তাঁর আদালত থেকে ফিরতে এখনও এক ঘন্টা দেরী! ব'স ব'স, আজ আমাদের দিন ভারি। কবে তোমায় ছাড়িয়ে সাড়ী, গাউন ওঠাবো গায়ে, বুট পরাব পায়ে!!

সুশীলা। তা বৌ তা বৌ তুমি যখন ধ'রেছ, তখন কি আর ছাড়বে? আমায় বিবি বানাবেই বানাবে।

(মনি হাণ্ডবিল ওয়ালির প্রবেশ)

(গীত)

দেখে যাবে—
বড় দিনের রং বেড়েছে ক্লাসীক থিয়েটারে।
যত সব নতুন নতুন সাজ, রং বেরঙের তরবেতর গাজ;
দেখলে চখে ব'লবি ডেকে, এমন ত আর হবে নারে॥

শোনলো বলি সোনার কলি তোদের মত চের,
থাকলে সেথা খাবে মাথা বাবু ভেয়েদের,
বুক্ ফুলিয়ে চেন ঝুলিয়ে আয়লো দেখে মাগ ভাতারে।

মনি। নাও গো দিদিমনিরা! কাগজ নাও।

সুশীলা। কিরে মনি এসেছিস্? হ্যাঁলা, বড় দিনে তোদের থিয়েটারে কি নতুন বই হ'চ্ছে!

মনি। বড় দিদিমনি—তুমি নাকি? আজ একি বেশ? (ওমা) নজরে ঠেকেনি, একি দিদিমনি;—

কি সাজে সেজেছ আজ!
মাথার কাপড় দিয়াছ ফেলিয়া——
ঘুচাইয়া কুল লাজ!
রাঙা—রাঙা—রাঙা—চরণ দুখানি
আদরে হৃদয়ে ধরিত মাটী।
একি পোড়া দায়, হায়! হায়! হায়!
সেই পায়ে দেছ বিলিতি চটী!!

শশী। শোন্ বলি ওগো মনি! মাণ্ডে তেমন শিক্ষা পায়নি—কাজেই সেই পুরোনো চাল। মাথায় এক ধ্যাবড়া সিঁদুর, তিন হাত ঘোমটা, এসব এখনও ঘোচেনি। পায়ে জুতো দেখে ম্যান্‌চিস্ চমক; হবি অবাক, মুখে ফুটবে নাক বাক।

মনি ছি ছি কুলবালা অবলা সরলা শুনিয়া মরমে মরি!

আপনি মজেছ, কুলে কালি দেছ,
মজাইছ কুল নারী।
লজ্জা ঘৃণা ভয় দেহ জলাঞ্জলী—
আচার বিচার নাহিক লেশ।

ছুরী কাঁটা হাতে, খাও টেবিলেতে,
যৌবনটাতো কাটালি
বল দেখি কি সুখটা পেলি ?
থিয়েটারের কাগজ হাতে বেড়িয়ে বেড়াস পথে পথে,
এই বুঝি তোর কাজ ?
ঘুমটা ঘুচাতেই যত লাজ ?

মণি। ছি ছি ও কথা বলনা, ও কথা বলনা,
আই আই মরি লাজে।
সুচিকণ সাড়ী, অনাদর করি,
সাজিব বিবির সাজে ?
দুঃখিনী রমনী, পতি সোহাগিনী,
পতি প্রেমে থাকি ভোর।
গাউন আটিয়া প্রাণের পতির,
কাটিব প্রেমের ডোর ?
রমণী জনম পেয়েছি ধরায়,
পতিরে পূজিব খালি।
বুট পায়ে দিয়ে, পতিরে মজায়ে,
হইব চোখের বালি !
রেখে দেনা তোর উপদেশ কথা
ভালয় ভালয় চলিয়া যাই।
এসেছি যে কাজে, জানিকে গো চাই।
কবে যাবে দিদিমণি ?
শুনিয়া হরষে যাইবে চলিয়া,
তোদের অধিনী মণি।

সুশীলা। যাব কি মণি? যেতে ত খুব সাধ! কিন্তু সাধে যে পড়েছে বাদ। কর্ত্তার বারণ; কি করি বল্ বোন্! শুন্‌লে থিয়েটারের নাম, তিনি আগুন হয়ে যান। সেথা বেশ্যা নাচে, নানান ধাঁজে, দেখলে পাছে, সমাজে নাম খারাপ হয়, কর্ত্তার সেই ভয়।

মণি। তোদের দুটি পায়ে পড়,
ফিরে যাই মা আপন ঘর,
কর্ত্তারা এক অবতার,
জ্বালা ব'লবো কারে আর,
মাগ দিচ্ছেন গাউন গায়ে,
টেনে প'রছেন বুট পায়ে,
লাজ লজ্জা গুলে খেয়ে,
হেতা সেথা বেড়ান ধেয়ে,
এ সব বাজে সমাজে,
নামটা বুঝি খুব বাজে?
যত দোষ থিয়েটার,
এই বুঝি বিবেচনা কর্ত্তার?
নিয়ে বুদ্ধির বালাই,
দিদিমণি মরে যাই!
কাজ নেই মা কথায়,
তোর কথা থাক মাথায়,
সেজে থাক মা বিবি,
এই করেই কুলে কালি দিবি!
বাবুরা জানান হিঁদুয়ানী,
ও গোঁড়ামী আমি খুব জানি,

এমন দিন আসবে
হাতে নাতে সব ধর্‌বে;
এ যদি না হয়,
তবে আমার নাম নয়;—

গীত

তোদের দুটি পায়ে গড় ক'রে মা বিদায় হই—
আর কি দেখা হই।
ছি ছি বিবি সেজে আপনি ম'জে কুল মজাতে পারি কই?
বল্‌লে যেতে থিয়েটার, মানা করেলো ভাতার,
একি রে বিচার বুঝে ওঠা ভার,
কুলনারী কুল হারালি, আরত আমি তোদের নই॥
(প্রস্থান)

সুশীলা। হঁ৷ বৌ চল্‌না কেন একদিন থিয়েটার। দিয়ে গাউনের বাহার, ঘরে ব'সে থাকা হবে ভার। বুট পায়ে দিয়ে বেড়াব কোথায়? ছাতে হেঁটে হেঁটে বেড়ান সে এক দায়। এক দিন যতীন্‌কে বল্‌না দেখে আসি চল্‌না?

শশী। কি ব'লবে বল? তিনি বলেন ইংরেজি থিয়েটারে চল, সে দিন অত ক'রে ব'লে ছিলুম্‌ কথা কি মানাতে পারলুম্' বলেন, নেটিভ্‌ থিয়েটার, ছি ছি বেশি কথা বলবো কি? নেইবা গেলুম সেথা, ঠেল্‌তে আছে কি স্বামীর কথা, যাবার যায়গা ঢের আছে, ওঁরা যাবেন, পাছে পাছে, যাব গড়ের মাঠে হাওয়া খেতে; তুমিও আস্‌বে সাথে সাথে।

সুশীলা। তা বৌ, তা বৌ, গোমায় যদি ধরে, ছাড়াব কেমন করে?

শশী। হটিয়ে দেব বুটের জোরে। তবে মা তুমি এস; তাঁর সময় হ'য়েছে আসবার। কাল এমনি সময় এস আবার।

সুশীলা। তা বৌ তা বৌ ব'লতে হবেনা আর।

(সুশীলার প্রস্থান)

শশী। Charity begins at home! আগে নিজের ঘর ঠিক করি, মাকে বিবি বানিয়ে ছাড়ি, গাউনের বাই একবার ধরুলে আর রক্ষে নেই।

(মতিলালও শশীন ভরকে জে ভোসের প্রবেশ)

শশী। My dear you are late to-day.

জোস। Excuse me, dear! I had a very interesting case. In fact I was on my legs. Hence the delay.

শশী। খানসামা, খানসামা, চা লে আও! চা লে আও!

মতি। ও বাবা ইংরেজি loveএর দাপেট কি? বাস্তবিক বাবা, বিবি মাগ না হ'লে শরীর চলে না! তোরাজ ক'রতে জানেনা!! এই রকম দিন কতক চার বাটী, আর কটীর টোষ্ট খেলে, ফুলে যাই বাবা! তবে ওই শুটকি পানা চেহারার মাগ, ওতে তেমন জোগ হয় না বাবা! কে জানে বাবা ইংরাজি পছন্দ কেমন?

জোস। I say Mutty Lall take your seat, take your seat.

মতি। হাঁ বাবা কোন্সুলি সাহেব! একটু খাতে এসেছো ত বাবা! চার বাটি আর টোষ্টত মন্দ হ'লো না! এইত বাবা, ছুটোর সময় গো-গ্রাসে টিফিন্ গিলেছ, এরিই মধ্যে জঠরানল এমন প্রবল হ'য়েছিল যে, কিছু বদনে দিয়ে,

তবে আমায় ধ্যানে আন্‌লে? তবু ভাল, ব'স্‌বার হুকুম পেলুম। আচ্ছা বাবা, কৌন্‌সি সাহেব একটা কথা জিজ্ঞাসা করি। বেয়াড়পি মাপ ক'র বাবা!! ছেলেবেলাকার বন্ধু! এখন নয় তুমি বড় লোক হ'য়েছ! কথাটা একটু কড়া ঠেক্‌লে নিজগুণে ক্ষমা ঘেন্না ক'রে নিও। হাঁ বাবা তোমরা না খুব Etiquette এর (এটিকেটের) ওমোর করে বেড়াও? পান থেকে চুন খ'স্‌লে তোমরা চটে লাল হও। এ কি রকম Etiquette (এটিকেট) বাবা? একটা ভদ্র লোক সঙ্গে সঙ্গে এলো, ছেলে বেলাকার বন্ধু, দুবেলা যার সঙ্গে বিলেত যাবার পরামর্শ আঁটতে, সে এসে দাঁড়িয়ে রইল, তাকে ব'স্‌তে বলা চুলোয় যাক' দিব্যি ক'রে বৈকালিন ভোগ সুরু করে দিলে? তোমাদের ভণ্ডামো দেখ্‌লে আমার হাড় শুদ্দু জ্বলে যায়। আজ কালকার Etiquette এর ভেউল আমি বুঝে নিয়েছি বাবা! প্রথমেই খবর নাও, কখানা গাড়ি আছে, কটা ঘোড়া আছে! প্রতি সপ্তাহে খানা দিতে পারবে কি না, এই সকল খবর যদি শুভ হয়, তবে বাবা তোমাদের Etiquetteই (এটিকেটই) বল, Humbuggism-বল, সেই সকলের মাত্রাগুলো বেড়ে উঠে, অমনি অম্লান বদনে নিজের মাগ্‌কে নিয়ে Introduce করে দাও। সেলাম বাবা তোমাদের।

শশী। Hallow dear! Is he a friend of yours?

জোগ। Yes! In our prime days we are great friends.

মতি। Now in the beginning of our older days we have become each other's enemy, because we do not approve each other's taste.

ভোম। No! No! what do you say now? will you have a cup of tea?

মতি। না বাবা কোম্লুজ্ঞি সাহেব! আর তোমার খাতিরে কাজ নাই। এখন আমি যে কাজে এসেছি তার একটা বিলি কর।

শশী। খান্ না একটুকু চা, চা খেতে দোষ কি?

মতি। আপনি এতটা গৌরজন্ম কচ্চেন কেন? আমার ত জুড়ি গাড়ী নাই, Hamiltion এর বাড়ীর Diamond Bracelet কিনে দেবার Capacity ও নেই! আমি একটা ফাকুস বল্লেই হয়! আমার আদরঅপেক্ষা করা বৃথা!

ভোম। Let it go! Let it go! কি জান মতি, আমার যাবার অত্ত কোনও বাধা নেই, আমি native theater বড় prefer করি না।

মতি। কেন বাবা! native theatre এর অপরাধ কি? ইংরাজদের মতন খালি নাক সিটকুতে শিখেছ বৈত নয়। আচ্ছা বাবা, native theater prefer করনা, কিন্তু নিজের আচার ব্যবহারগুলো কি করে prefer কল্লে? হিন্দুর ছেলে তুমি, বাপ মার মুখ পুড়িয়ে, বংশের মর্যাদা ধুইয়ে সাগর পার হ'লে! ধুতি চাদর ছেড়ে, হ্যাট কোট ধরলে। ছিলে বোস হলে ভোম। কুলস্ত্রী, কুলব্রত আচরণ করতে শেখাবে, শ্বশুর শাশুড়িকে ভক্তি কর্‌তে অনুরোধ করবে, স্বামীকে দেবতার মতন পূজা করতে বল্‌বে, তা নয়, গাউন পরিয়ে, বুট পায়ে দিয়ে, হাত ধ'রে ইডেন্ গার্ডেনে হাওয়া খেতে নিয়ে যাও! হিন্দুর ছেলে তুমি, বাপ্‌কে old fool বল! এসবগুলো কি খুব preferable বাবা কোম্লুজি

নাজেব। আর জ্বালিও না বাবা। অনেক কষ্টে কর্ত্তা পক্ষের মত করিইচি। বাগানে হল্ ঘরে একটু পরদা খাটিয়ে তোমা-দের থিয়েটার দেখাব। এতে আর আপত্তি করনা বাবা।

ভোস্। আচ্ছা সে যা হয় হবে। I have just come back from court. I am not in good humour, I shall think over the matter seriously, and let you know to-morrow, (শশীকলার প্রতি) Now come along my dear! let us retire.

(মিঃ ভোস্ ও শশীকলার প্রস্থান)।

মতি। খুব বিবেচনা বাবা। এরি নাম English Eticuette থাক বাবা! আমিও ছাড়চিনি! বাবুরা সব থিয়েটারের নামে লোক দেখানে ভণ্ডামো করেন, কিন্তু পেগ ছাড়েননা। বাবুদের চরিত্র কত খাঁটি এইবার প্রমাণ করছি বাবা। আমরা থিয়েটারের অ্যাক্টার; হাজার হাজার লোক চরিয়ে খাই।

(প্রস্থান)

পল্টু ও অন্যান্য বালক বালিকাগণের প্রবেশ।

পল্টু।
আমার বাবা ব্যারিষ্টার।
গাউন পরা মা আমার॥
বেড়িয়ে বেড়াই পাড়া পাড়া।
ধ'রে আনি ছুঁড়ি ছোঁড়া॥
ধুতি চাদর ছাড়িয়ে নিই।
হ্যাট্ কোট্ পরিয়ে দিই॥
চুপি চুপি ডেকে ঘরে।
খানা খাওয়াই যত্ন করে॥

বালকগণ। আমরা সাহেব হয়েছি ।
দেখ বাপের চোখে ধুলো দিয়েছি ॥
টেবিলেতে খাচ্ছি খানা ।
পাঁউরুটী আর মুরগীর ছানা ॥

বালিকাগণ। আমরা বিবি সেজেছি ॥
দেখ সাড়ি ছেড়েছি ॥
দেখ লাইটা দেনা ভাই ।
সিগারেটটা ধরিয়ে খাই ॥

( সকলে সিগারেট টানিতে টানিতে )

গীত।

হা হা কেমন মজা সাহেব সাজা বিবির হাত ধ'রে ।
সেজে সব হ্যাটে কোটে, বেড়াব গড়ের মাঠে ॥
ঠেকিয়ে বুটে বুটে, ক জনে এমনি করে ॥
সেট হয়েছে এটিকেট্, দেখ টান্‌ছি সিগারেট,
হয়েছি পাপা মামা পেট
হিঁদুয়ানি আর কি মানি, যিশুর পূজা ঘরে ঘরে ॥

---

# প্রথমাঙ্ক।

## চতুর্থ গর্ভাঙ্ক।

### রাস্তা।

( সেক্‌রা ও সেক্‌রাণীর প্রবেশ )

গীত।

সেক্‌রা। রসান দেলো সেকরাণী
পোড়খেলো তোর সোনা টুকু
কাটতে কেন পারবে ছেনী ॥

সেক্‌রাণী। ( তোর ) ভোঁতা ছেনী একিসে বানাই, খাঁটি সোনা
কাটে নাকি ভাই।

সেকরা। খাদ পোড়া তায় আগা গোড়া সেজে ঘসে বেশ জানি।

সেকরাণী। (ও) তোর কষ্টি পাথরে, সোনার রং কিসে ধরে, খাঁটি
ফাঁকি চিন্‌বি কি ক'রে,

উভয়ে। (তবে) দিই ফেলে হাপরে সোনা, টেঁকসেত মানি ॥

( উভয়ের প্রস্থান )

( সিগার ও সিগারওয়ালির প্রবেশ )

( গীত )

এমনা নাওনা কিনে সস্তা জেনে খাসা এই তাজা সিগার।
টানে টানে প্রেমিক প্রাণে খেলবে কত ভাবের বাহার ॥
বড় যোগাএয় প্রস্তুত, ভাঁজে আছে বেজায় ফুৎ,
রোজ এ্যানিসিড, আপনি কিউপিড বাক্সে সদা তার।
আমার এ নেক্তি কাটে, যুবতির যৌবন ফোটে,
সেধে বঁধু করপুটে চাইবে গো আবার ॥

( উভয়ের প্রস্থা

( এডিটারের প্রবেশ )

এডিটার। বা বা বা তোফা সিগারেট্ ওয়ালিত ! বেশ তন্বিপুরু রকম সকম আছে। ঠিকানাটা নিই কি করে? তাইত—এগিয়ে গেল যে! দৌড়িয়ে ফেরান যাক !

( মতিলালের প্রবেশ )

মতি। কোথা যাও এডিটর বাবু! এমন সময়ে বোনায়ের বৈঠকখানা আঁধার ক'রে, রাস্তায় ঘুরে বেড়াচ্ছ যে বাবা! মতলবটা কি ?

এডিটর। মতলব আর কি ? আমার ডিউটিই এই! রাস্তায় রাস্তায় ঘুরে বেড়িয়ে নিউজ কলেক্ট করি! আমি রিপোর্টারদের উপর বড় নির্ভর করিনা! কারণ ওরা অনেক সময় ভুল খবর দেয়, তাই ছাপিয়ে পাব্লিকের নিকট হাস্যাস্পদ হ'তে হয়।

মতি। বাবা! থিয়েটারে অ্যাকটারি করি, অতটা বোকা ঠাওরাচ্ছ কেন? নিউস্ কলেক্ট ক'রতে বেরিয়েছে কার? ঐ সেঁকরাণী টার বুঝি? বাবা! থিয়েটারে যাওনা কি না সেখানে সব unfortunates (আন্‌ফরচুনেটস্) আছে! কিন্তু ঐ সেঁকরাণীটির প্রসাদ পাবার জন্যেত একটুও Hesitate (হেজিটেট্) কচ্চ না, যে রকম দেশহিতৈষীতার ধুয়া তুলেছ বাবা এমন Refined fortunates এর (রিফাইণ্ড ফরচুনেটস্ এর) রাস্তায় গাঁদি লেগে যাবে! Unfortunates (আন্‌ফর-চুনেট্‌স্) নামে নয়, Literally (লিটারেলি) তাই হয়ে দাঁড়াবে! ক্রমে তাদের অন্ন উঠবে।

এডিটর। মতিলাল! তোমার কেবল বাজে কথা তুলে, থিয়ে-

টারের Pioneerই (পায়ওনিয়ারি) করা বৈত নয়! তোমাদের থিয়েটারে গেলে, Moral degradation (মরাল ডিগ্রেডেশন) হয়!

মতি। তা হয় বই কি বাবা! এই ভাবনা কেন, তোমার মতন সু-চেহারা যদি কোন সমাজ-দর্পণে চিত্রিত হ'য়ে, থিয়েটারে অভিনীত হয়, তা হলে আমি'র পারা গায়ে ফুটে বেরুবেইত বাবা! দেখ বাবা! নাক সিঁটকনো সহজ, কিন্তু নিজের নাক'টি আছে কি না দেখে তবে সিঁটকো।

এডি। মিছে বোকনা—বোকনা, থিয়েটার একটা বাপ খেদান—মায়ে তাড়ান ছেলের আড্ডা! সেখানে ভদ্র লোকেও যায়!

মতি। পথে এস বাবা! এখন একট্রেস ছেড়ে, একটায় ধ'রেছ? দেখ বাবা! আমাদেরত বাপে খেদায়, মায়ে তাড়ায়, আমরাত তাড়াই না! তোমরা যে বাবা Moralityর Champion হ'য়ে ভদ্র লোক সেজে, ওটা তাইস্ ভারলা ক'রে নিয়ে, নিজেরা বাপ মাকে তাড়াও। তাদের এক মুটো ভাত দিতে মাথায় বজ্রাঘাত হয়। বাপকে বাপ বলতে—মাকে মা বলতে তোমাদের লজ্জা হয়। এখন বলত বাবা! তোমরা বেশি ভদ্র, না আমরা বেশি ভদ্র?

এডি। যাও যাও বাজে ব'ক না! আমাদের time valuable তোমার সঙ্গে বকাবকি ক'রে এমন ক'রে waste করতে পারি না।

মতি। এডিটর বাবু! যেও না হে; Fresh attraction দেখা দিয়েছে। অনেক Further news collect করতে পারবে!!

( রেজানি বেশী বেশ্যাগণের প্রবেশ।

গীত।

বেশ্যাগিরি কি ঝকমারি ক'রবোনাক আর।
জেনে শুনে প্রাণে প্রাণে সমজিছি এবার॥
গিয়েছে যৌবন কেটে ; ( দিতে ) এক মুটো ভাত পেটে,
জোটেনাকো মোটে,
( এখন ) ছাতি পিটি পট্ পট্, করি খিদের জ্বালায় ছট্ ফট্,
নাচার হয়ে আচারহারা হারিয়েছি বিচার॥

মতি। কি গো তোমাদের কি হয়েছে ?

বেশ্যাগণ। ( ইঙ্গিত )

মতি। সত্যি তোমরা খেতে পাও না ?

বেশ্যাগণ। ( ইঙ্গিত )

মতি। বটে ! তা তোমাদের আজ সুপ্রভাত ! ইনি একজন এডি-টার ! দেশহিতৈষী মহাপুরুষ ! একে ধর, তোমাদের কিছু নিশ্চয়ই দেবেন।

বেশ্যাগণ। (ইঙ্গিত ও এডিটারের পদ স্পর্শ)

ডি। যা—যা—যা—মোলো যা ফের যদি অমন করবিত পুলিস ডেকে ostensible means of livelihood ( অষ্টেনসিবল মিনস্ অফ্ লাইভলিহুড)নেই ব'লে—Vagrant (ভ্যাগ্র্যান্ট) ব'লে ধরিয়ে দেবো। কুলে কালি দিয়ে এসে, আবার ভদ্র লোকের পা ছোঁয়া !

মতি। বাবা এডিটার ! বলিহারি তোমার বিচার ! ! বাবা ! তোমারি মতন ত একজন এদের প্রত্যেকের Ostensible means of livelihood ( অষ্টেন্সিবল্ মিনস্ অফ্

লাইভলি হুড ) ছিলেন! ওরাত আর আস্‌মান্ থেকে বেশ্যা হ'য়ে নেমে আসে না!! ওদের যা ছিল, তা লুটে পুটে নিয়ে, তোমার জুড়িদার রূপ "রেষ্টেন্‌সিবল্ নিক্ষ" গুলি সরেছেন!! আর ওরা এখন পেটের দায়ে কিছু ভিক্ষে চাইলে Vagrant (ভ্যাগ্র্যাণ্ট) ব'লে চালান দেবার সম্পূর্ণ Moral responsibility ( মর্যাল রেস্‌পন্‌সিবিলিটি ) তোমার আছে বই কি বাবা!!

এডি। তা যাও না তোমাদের থিয়েটারে এদের নিয়ে যাও না, তোমাদের এসব সঙ্গ তো অভ্যাস আছে?—ভদ্র লোকের পায়ে হাত দেওয়া? ওদের Touchএও contagion ( টচেও কনটেজিয়ন ) আছে!!

মতি। আর জ্বালাও কেন বাবা এডিটার? Full stop ( ফুল ষ্টপ্ ) দাওনা বাবা!! পায়ে হাত দিয়েছে ব'লে,—জেরবা হচ্চে, আর তোমারি ভাই ভ্রাদার হয় ত ওদের একটার পা বুকে তুলে টিপে বর্ত্তে গিয়েছিলেন। আর যে এদের থিয়েটারে নিয়ে যাবার কথা বল্‌লে, বাবা! তা সে পক্ষে ত— কাটা দেবার চেষ্টায় বোল আনা আছো!! নিজেদের কীর্ত্তি-স্তম্ভ গুলিকে নিজেও খেতে দেবেনা! আর তারা যদি থিয়েটারে থেকে Honest wayতে ( অনেষ্ট্ ওয়েতে ) গতর খাটিয়ে, তাদের উদরান্নের ব্যবস্থা করে, তাও তোমাদের প্রাণে সইবে না! অমনি Condemnation, agitation এর (কন্‌ডেম্ নেসন্, এজিটেশন্ এর ) রাশী রাশী Articleএর ( আর্টিকেল্‌এর ) Publicationএর (পাব্‌লিকেসন্!)

এডি। আচ্ছা তোমায় একটা কথা জিজ্ঞাসা করি, তুমিত হিন্দ

ব'লে পরিচয় দাও ! বেশ্যারা সতী কি সাবিত্রী সেজে বেরুলে প্রাণটা কেমন হয় বল দেখি ?

মতি। তা বটে বাবা ! বেশ্যারা সতী, সাবিত্রী সাজলে, তোমার প্রাণে লাগবার কথা বটে ! কিন্তু ম'শায়ের মতন, "ধরি মাছ না ছুঁই পানি" রকমের প্রেমিক যাঁরা দিনে বৈষ্ণব রাত্তিরে শাক্ত সাজেন, তাঁরা যদি ভণ্ডামির আবরণ প'রে দেশহিতৈষী বা ত্রৈলঙ্গস্বামী সাজেন, তা হ'লে বেশ্যারাওত কেঁদে ভাসিয়ে দিতে পারে। আর ওকথা তোল কেন বাবা ! দেখ বাবা ! যে এক কান কাটা, সে গ্রামের ধার দিয়ে যায়, কিন্তু যে দুকান কাটা, সে মাঝ খান দিয়ে চলে ! হ'লই বাবা বেশ্যা ! অনাহারে আসন্নজীবন হ'য়ে, এক মুটো উদারান্নের জন্য ভিক্ষে চাইলে, তাকে এক মুটো দিলে কি তোমার মরালিটির মাথায় বজ্রাঘাত হয় ! রাস্তার কুকুর বেরাল গুলোকেত খেতে দাও বাবা ! দেখো বাবা ! মরালিটির বজ্রাঘাত প'ড়তে প'ড়তে যেন কোন্ দিন তোমাদের মাথার না বজ্রাঘাত হয় ! বেশ্যা আর তুমি, যখন জীবনরক্ষা নিয়ে কাজ তখন ঈশ্বরসৃষ্টির বিভিন্ন পদার্থ নও। তা যাক্ বাবা, এডিটার ! আর কথায় কাজ নাই ! আমার যথাসাধ্য ওদের কিছু দিচ্চি ! তোমাদের দেশহিতৈষীতার মূলে কুঠারাঘাত ক'রতে চাইনে। তবে বাবা একটা কথা, কাল্‌কের Engagementটা (এন্‌গেজমেন্টটা) যেন মনে থাকে ! আমাদের থিয়েটারের অ্যাক্‌ট্রেস্ কটিকে নিয়ে আমি কাল রমাকান্ত বাবুর বাগানে যাচ্ছি ! তাদের সাজিয়ে গুজিয়ে, তোমাদের থিয়েটার দেখাব। দেখো বাবা ! Promiseটা ( প্রমিস্‌টা ) ঠিক থাকে যেন !

এডিটার। My promise is always so (মাই প্রমিস্ ইজ অলওয়েজ সো)।

মতি। (বেশ্যাগণের প্রতি) ওগো বাছারা, দেশহিতৈষী মহাশয় অধর্ম্মের প্রশ্রয় দেওয়া হবে ব'লে, তোমাদের কিঞ্চিৎ ভিক্ষা স্বরূপ দিতেও নারাজ!! কি ক'রবো বল? আমার সঙ্গতি অনুসারে, তোমাদের কিছু কিছু দিচ্ছি!

(সকলকে এক এক টাকা দান)

কি বাবা এডিটার! হাঁ ক'রে চেয়ে আছো যে? নেহাৎ বাজে যাচ্ছে মনে ক'চ্ছ? তোমায় দিলে, উপযুক্তে যেত, কেমন না? পকেট খরচার সুবিধে হ'ত! নেহাৎ বাজে দিলুম্ মনে ক'রনা বাবা! বিদ্যাসাগর মহাশয়ের জীবনীতে এই রকম অবস্থার দানের দুটো একটা দৃষ্টান্ত পাওয়া যায়। এখন এস বাবা যাওয়া যাক।

(মতিলাল ও এডিটারের প্রস্থান)

গীত।

দেশহিতৈষী বাবুরা সব মাথায় থাক!
তাদের রীতি নীতি চুলোয় যাক॥
ধর্ম্ম জাহির ক'রে বেড়ান, ভণ্ডামো খুব দেখাতে চান,
বোকা কড়া কানা স্বধু মুখে বাজে জাঁক।
দুঃখী গরিব কেঁদে মরে, চোক দিয়ে জল খালি ঝরে;
একি জ্বালা তারি বেলা বাবুরা নির্ব্বাক॥

# প্রথম অঙ্ক।

## পঞ্চম গর্ভাঙ্ক।

### গণেশগোবিন্দের বাটী।

গণেশগোবিন্দ ও রঙ্গিণী।

রঙ্গিনী। তবেরে মুখ পোড়া মিন্‌সে "জাত দেবার কেউ নয়, কিল মারবার গোসাঞি? ওর রুটি টোষ্ট হয়নি কেন? জল গরম করা হয়নি কেন? কামিজে সাবান দেওয়া হয় নি কেন? ওঃ—তম্বির ধুম দেখ? অমন কতো সাহেবের মুখে মারি জুতোর বাড়ী!!

গণেশ। তা মারবে বই কি? এজুকেশন পেয়েছ কি না? ওয়াইফের ডিউটি তুমি যতটা বুঝবে 'র উইমেন' ততটা বুঝবে কি?

রঙ্গি। আর বচন ঝাড়তে হবেনা! ওঁর বাড়ীতে আমি দাসি বৃত্তি ক'রতে এসেছি—না? এক পয়সার মুরোদ নেই, একটা ঝি রাখবার ক্ষমতা নেই, উনি বিলেতফেরত ডাক্তার!!

গণেশ। কেন—অমন চাকর রয়েছে, আবার ঝিয়ে দরকার কি?

রঙ্গি। আহা হা! যেমন নিজে, চাকরটিও তেমনি, তিনিও চব্বিশ ঘণ্টা প্রেম প্রেম ক'রেই অস্থির। কাজ ক'রবে কখন? মাইনে দিতে হয় না, পাতের থাইক কিছু পায়, কাজেই চাকরটী খুব পেয়ারের! আমি আর পারবো না! বিলেতফেরতকে বে ক'রে, জাত দিয়েছিলেম, সুখে থাকবার জন্যে, ভাল খাওয়া ভাল পরা চুলোয় যাক, এদিক ওদিক থেকে যা ছটো একটা গাউন যোগাড় ক'রেছিলাম, তা পর্য্যন্ত হাড় হাবাতে মিন্‌সে বিক্রি ক'রে খেয়ে দিলে।

গণেশ। চুপ—চুপ—চুপ, কর কি? কর কি? কে কোথায় শুনবে, পসার একবারে মাটী হ'য়ে যাবে।

রঙ্গি। আ মরন! পসার থাকলেত, মাটী হবে! দুগণ্ডা পয়সা ভিজিট দিয়ে কেউ ডাকে? মুখপোড়া! বাড়ী বেচে বিলেত না গিয়ে, সেই বাড়ী বেচা টাকাগুলো আমায় দিলে আমি যে তোকে সুখেস্বচ্ছন্দে রাখতে পারতেম্! এক ফুলুরির দোকান ক'রতুম, তুই তেলের কড়া নিয়ে বসতিস্, আমি ডালগুলো যোগান দিতুম্।

গণেশ। কি ক'রব বল? তোমার সঙ্গে সেই সময় পরামর্শ ক'রতে ভুলে গেছলুম। তা দেখ মনের খেদ রাখতে হবে না, ফুলুরীর দোকানে কাজ নেই, এসো দুজনে দুখানা সেকেন্ ক্লাস গাড়ী ক'রে ফেলি! তুমি এক খানা নিয়ে, ইংরেজ টোলার দিকে যাবে, আর আমিও আর একখানা নিয়ে হাবড়া ষ্টেসনে থাকবো! গড়ে এক রকম পুসিয়ে যাবে!! তা যা হয় হবে, আপাততঃ কিছু এনে দাও, ক্ষিদের দাঁড়াতে পাচ্ছিনে যে!

রঙ্গি। কি আছে যে এনে দেব? খান দুই রুটী আছে। একটু কাউলের ঝোল রেঁধেছিলেম, তা তোমার আসতে দেরি দেখে আমি খানিকটা খেয়েছি, আর বাকী যেটুকু তোমার জন্যে রেখেছিলেম্, তা তোমার গুণধর চাকর বাবুটি উদরস্থ ক'রেছেন!

গণেশ। চাকরের কি এতটা সাহস হয়, সে মনিবের খাবার খেতে পারে? ছোকরা চাকর কি না? বোধ হয়, তোমার মেহেরবাণী আছে, তাই স্বামীর ঝোলটুকু পর্য্যন্ত তার উদরে যায়।

রঙ্গি। আমরি ছোক্‌রা চাকর কি না—তোর কিরে মুখ পোড়া আমার যদি তার উপর নেক নজর থাকে! বে করবার সময় কি ব'লেছিলি মনে আছে? অজেদের মেমের মত খেতে প'রতে দিবি, আর একশো টাকা ক'রে মাসোহারা দিবি! এই লোভে জাত খুইয়ে বে করেছিলুম। তোর কথাটার কি রেখেছিস মুখপোড়া, বেশ খুসি—আমার ইচ্ছে, ছোক্‌রা চাকর, আমার ছোক্‌রা চাকরই নই!

গীত।

[ রঙ্গিণী ও গণেশগোবিন্দ। ]

রঙ্গিণী। বিলেত গিয়ে খিদি হয়ে ফিরিঙ্গি হলি,
নাগের গায়ে গাউন পরালি।
ঘুচিয়ে দিয়ে ঘোমটা, নাচিয়ে দিলি খেমটা,
মুছিয়ে আল্‌তা পায়ে বুট দিলি,
গণেশ কুলের বৌ ছিলি, পথ বেছে নিলি,
ডাক্তারি-পাস পতির প্রেমে গুমোর বাড়ালি।
রঙ্গিণী (ওমা) পেতুম খেতে মাছে ভাতে,
(এখন) কাঁটা ছুরী নিয়ে হাতে, ব'সে থাকি টেবিলেতে,
ফাউল মটন-চুকোয় গেল, পোড়া রুটী কই দিলি?
মোর মাথা খেলি।
উভয়ে—তুই খেলি কি মুই খেলি।

( কটিকের প্রবেশ )

কটিক। মনিব ঠাকরুণ! মনিব ঠাকরুণ! প্রেম—প্রেম—প্রেম প্রেম অতি সুন্দর পদার্থ! প্রেমেই চন্দ্র, সূর্য্য গ্রহণ লাগে। বটবৃক্ষে আটা সঞ্চার হয়। বড় বড় পুকুরে পাঁক বিকাশ পায়!!

গণেশ। ওরে শালা ফটকে, আমার যোড় বাঁধা ছিল, খেয়েছিস রে? মনিব ব'লে মানিস্ নি? আমার সুখের জিনিষটা অনায়াসে খেলি?

ফটিক। প্রেম—প্রেম—প্রেম—প্রেমে একজনের ঝোল আর একজনে খায়! জগতের রীতিই এই!! খেয়েছি খেয়েছি সে কথা আর তুলে কাজ কি? ছটো প্রেমের কথা শুনুন। মনিব ঠাকরুণ! মনিব ঠাকরুণ! প্রেম—প্রেম—প্রেম প্রেমের চূড়ান্ত আজ বাবুর্চিখানায় দেখে এলুম, আহা! সে অতি রমণীয় দৃশ্য! একটা মাদি মুরগী আজ একটী ছানা প্রসব ক'রেছে, প্রেমময়-জগদীশ্বরের প্রেম-লীলার কি নিগূঢ় তত্ব! কাল দেখলেম সেই মাদী মুরগীটী একাকিনী ইতস্ততঃ ক'রে বেড়াচ্ছে। মনে করেছিলেম, আজ প্রাতেই তার সদগতি ক'রব, কিন্তু উপস্থিত হয়ে দেখলেম মুরগীটা একটা ছানা প্রসব করেছে। অমনি প্রাণ প্রেমে বিগলিত হ'য়ে কেঁদে উঠলো। মনিব ঠাকরুণ, মনিব ঠাকরুণ, ছানা প্রসব কি সুন্দর!

গণেশ। শালার ঘরের শালা! মনিব ঠাকরুণকে প্রেমশিক্ষা দিচ্ছ? বেরো আমার বাড়ী থেকে।

রঙ্গিণী। কৈ বের কর দেখি? মারবো বুটের বাড়ী! হাড়-হাবাতে! তুই ওকে তাড়াবার কে রে?

গণেশ। ও বাবা দুধ দিয়ে কালসাপ পুষেছি? ভিতরে ভিতরে এই?

ফটিক। প্রেম—প্রেম—প্রেম—! আহা! প্রেম কি বিমল পদার্থ!—মনিব ঠাকরুণ! মনিব ঠাকরুণ! মাদি মুরগীটি একটী ছানা প্রসব করেছে।

গণেশ। তা করেছে করেছে তোর বাবার কি।

রঙ্গিণী। খবরদার! ওর বাবার, তোর বাবার কি?

ফটীক। মনিব ঠাকরুণ! প্রেম—প্রেম—প্রেম!

গণেশ। দেখি শালা! আজ তোমায় কে রক্ষা করে? ও বাবা অস্ত-রে অস্ত-রে এত? তার ত আমি কিছুই জানিনে!! বেরো শালা আমার বাড়ি থেকে বেরো!! (তাড়া)

রঙ্গিণী। বেরো শালা—তুই বাড়ী থেকে!! হাড়হাবাতে পোড়ার মুখো হত'চ্ছেড়ে!

ফটিক। আহা! মনিব ঠাকরুণ! প্রেম—প্রেম—প্রেম!

(মতিলালের পুনঃ প্রবেশ)

মতি। কি ডাক্তার সাহেব! Husband wifeএ Civil war চলেছে নাকি? কি রকম বাবা! মাঝেতো এক নটবর গোছের ছোক্‌রা দেখ্‌ছি। warএর root (রুট) ইনিই নাকি? হোতে পারে বাবা ইংরাজি Education পেলে মেজাজ বড়টা উপর দিকে উটুক না উটুক, নীচের দিকে খুব চ'লে আসে বটে!!

গণেশ। কেও? মতিলাল বাবু এসেছ! দেখ দেখি ভাই, কি অন্যায়!! স্বামীর অবস্থা খারাপ হ'লে, স্ত্রীর উচিত্‌তো মানিয়ে শানিয়ে চলা! তা চুলোয় যাক্‌, রোজ তো ঝগড়া আছেই, তার ওপর দাদা ব'ল্‌বো কি,—এই চাকর বেটাকে খাইয়ে পরিয়ে মানুষ করুম, আর আমারই সর্ব্বনাশের চেষ্টা!!

মতি। কি ডাক্তার সাহেব? আমার বোধ হয় কেল্লা ফতে হয়ে গেছে। দুই এক দিনের মধ্যেই Divorceএর চিটি পাবে।

কটিক। আহা!—প্রেম—প্রেম—প্রেম! মহাশয় গো! প্রেমের চরম আজ বাবুরচি খানায় দেখেছি! একটি ম্যাদি মুরগী, একটি ছানা প্রসব ক'রেছে। মনিব ঠাকরুণ! মনিব ঠাকরুণ! প্রেম—প্রেম—প্রেম।

মতি। বাহবা; ডাক্তার সাহেব! বাহবা! কপাল গুণে গোপাল মিলেছে বাবা! হাঁ বাবা, তুমি তোমার বাপের কোন্ পক্ষের? কৃষ্ণ পক্ষের না শুক্ল পক্ষের?

কটিক। আজ্ঞে আজ একটা ম্যাদি মুরগী ছানা প্রসব ক'রেছে।

মতি। এত' বাবা এক অদ্ভুত রকম জানোয়ার দেখ্‌ছি! Mrs. গণেশগোবিন্দ, Excuse me, একটি কথা জিজ্ঞাসা করি, আচ্ছা এ রত্নটিকে কি কুড়িয়ে পেয়ে, আপনি আঁচলে বেঁধে দিয়েছেন, না উনি এসে উদয় হ'য়েছেন?

রঙ্গিনী। তুই কে রে মিন্‌সে?

মতি। ও বাবা! এ যে দেখছি শূর্পণখা মেজাজের মেয়েমানুষ। তা না হ'লে আর গণেশগোবিন্দের মতন কুম্ভকর্ণটিকে চটু রাখতে পেরেছেন! আজ্ঞে আমি একজন থিয়েটারের অ্যাক্‌টার।

রঙ্গিনী। আপনি থিয়েটারের অ্যাক্‌টার? বেশ হয়েছে, মহাশয়! আমায় অনুগ্রহ ক'রে থিয়েটারে নেবেন? মিন্‌সের খালি হোম্‌রাই চোমরাই আছে। খেতে দিতে পারবেন্ না, প'রতে দিতে পারবেন্ না! খালি তম্বি!! ব'লবো কি মহাশয়! কদিন ধ'রে মুখ পোড়াকে ব'লছি, একদিন থিয়েটার দেখিয়ে আন্। বল্লেন, "ছোট লোকে থিয়েটারে যায়"! হাঁরে মুখ পোড়া, তোর চেয়ে ছোট লোক

আছে কি? ট্যাঙ্গালেও একটা পয়সা বে'রয় না, থিয়েটার দেখাবি কি ক'রে?

মতি। আচ্ছা, আপনি যে দিন ইচ্ছা যাবেন! আপনার পয়সা লাগবে না, তা ডাক্তার সাহেব! আমি এসেছিলেম্, আপনার সেই প্রমিশটা স্মরণ করিয়ে দেবার জন্যে, কাল রমাকান্ত বাবুর বাগানে, আমার থিয়েটারের কটি একট্রেসকে নিয়ে আমি যাচ্ছি, তারপর যেমন কথা আছে, সেইমত হবে, কালকের এনগেজমেণ্ট কোন ক্রমে না ব্রেক হয়।

গণেশ। নো নো ইউ নিড্ নট অ্যাংজাস ফর দ্যাট্। যখন কথা দিয়েছি, তার আর নড়চড় হবে না। তারপর যদি আমি বুঝি, যে তোমাদের অ্যাকট্রেসরা জেনারেল প্রষ্টিটিউটেড ক্লাস থেকে অনেকটা উন্নত হ'য়েছে, তাহ'লে আমি রমাকান্ত বাবুকে ইনডিউস্ ক'রে থিয়েটার নিয়ে যাব। বট্ ফর্ গড্ সেক, এই সব ডোম্যাষ্টিক ব্যাপার যা দেখে গেলে, কারুকে বোলো না দাদা!!

মতি। রামচন্দ্র, সে জন্য আপনার কোন চিন্তা নাই। তবে এখন আসি।

ফটিক। মহাশয় গো! প্রেম! প্রেম!! প্রেম!!! বাবুর্চিখানায় একটি মাদি মুরগি, একটি ছাগল প্রসব করেছে।

মতি। কথার ভাবার্থটি কি বল দেখি বাবু? মনিব ঠাকরুণের সঙ্গে একটু আসনাই হয়েছে না? তা বাবা বিলাত ফেরতের ঘরে বলে টেকে যাচ্ছ, আমাদের গেরস্তর ঘর হলে তুমত খুন হোতেই, আর তোমার মনিব ঠাকরুণও ইহলীলা সম্বরণ কোত্তো। নাউ গুডবাই ফর দি প্রেজেণ্ট টু অল।

মতিলালের প্রস্থান।

গণেশ। কি ঠাউরেছ বল দেখি? ঘরের কেলেঙ্কারিগুলো বাজারে বের কচ্ছো নাকি? তোর চাকরের নিকুচি করেছে!

ফটিক। মনিব ঠাকরুণ, প্রেম! প্রেম!! প্রেম!!!

গণেশ। তোর প্রেমের নিকুচি করেচে!

রঙ্গিণী। তোর ধমকানির নিকুচি করেচে! একখানা পোড়া রুটি দুবেলা পেটে দিতে পারি না, আবার চোক রাঙাতে এসেছেন! আমার খুসি, আমার ইচ্ছে, আমি একশোবার হাজার বার করবো, চাকর, চাকরই সই, তুই কেরে মুখ পোড়া, তোর মুখে আগুন দিই।

গীত।

রঙ্গিণী। এই নাকে কাণে ক্ষত, মজ্‌বো না আর তোরি ছলে,
(খেয়ে) পোড়া রুটী হোলেম মাটী, ক্ষিদের চোটে পেট জ্বলে;

গণেশ। গম্ খেয়ে থাক্ আর ক'দিন, পশার বাড়ছে দিনের দিন।

রঙ্গিণী। (মরি) মুখে ঝাঁটা, জোটে নাক কাঁচকলা টিফিন্!

ফটিক। সঙ্গ গুণে, রঙ্গ বেড়ে, বড় হয়েছি,
ছিলেম চাষার ছেলে, কথায় ভুলে সাহেব বোনেছি,
(তখন) পেটে যেত দু মুটো ভাত
(এখন) পাঁশ জোটেনা কপালে।

রঙ্গিণী। তুই দূর হরে মুখ পোড়া,
ধ'রে এই এই চাকর ছোঁড়া—ছব দেশ ছাড়া।

ফটিক। আহা! সুমতি দিক তোমায় বিধি!

রঙ্গিণী। আয়, আয়, আয়, যাই চ'লে।

সকলে। বোঝ ভাই সকলে, এই দশা হয় বিলেত গেলে॥

## ষষ্ঠ গর্ভাঙ্ক।

রাস্তা।

বাউল রমণীগণ।

গীত।

সকলে।

ঘোর কলি ভাই আরত ট্যাঁকেনা ;
ভাবের ঢেউ নিত্যি নতুন অবাক্ কারখানা।
ইংরেজি দুপাত পড়ে,
মাথার দফা অমনি ওড়ে
হ্যাট কোট ধরে তেড়ে, ধুতি চাদর রোচেনা।
যত সব বেতর ধাঁজ,
ঠন্ ঠন্ ঠন্ ডিসের আওয়াজ,
চামচে কাঁটা হাতে আঁটা ফাউল কারীর চাই খানা।
ঘুচিয়ে দিয়ে ঘোমটা ঘরে ;
গিন্নিরা সব গাউন প'রে,
বেড়িয়ে বেড়াই বাবুর হাত ধরে ;—
হো হো কেমন মজা, উড়লো ধ্বজা, হিঁদুয়ানীর
নাই নিশানা।

## সপ্তম গর্ভাঙ্ক।

( উদ্যানস্থ কক্ষ )

( মতিলাল, শশীকলা, সুশীলা ও রঙ্গিণীর প্রবেশ )

মতি। আসুন আসুন দেখ্‌বেন আসুন! আপনারা ব্যস্ত হবেন্ না! অধৈর্য্য হবেন্ না। মেজাজ খুব ঠাণ্ডা করুন। আপনার স্বামী হিন্দুচূড়ামণি, হরি নামের মালা সর্ব্বদাই গলায় পরে বেড়ান্, থিয়েটারের নাম শুন্‌লে মুখ বাঁকাতেন, বেশ্যা সঙ্গ অতি ঘৃণ্য বলে থিয়েটারে পদার্পণ কর্‌তে সঙ্কুচিত হতেন, সেই থিয়েটারের মেয়ে মানুষ নিয়ে ঘরের দরজা বন্ধ করে বসে আছেন। আপনার স্বামী এজুকেটেড ইয়ং ক্যালদী জেনটেলম্যান্, হাই কোর্টের কৌনস্থলী, কলকেতার খুব রেসপেক্‌টেবল্ পজিসন হোলড্ করেন, বোধ হয় আপনার মনে আছে, সেই সে দিন বিকেলে আমি থিয়েটারে যেতে অনুরোধ করেছিলেম, আমার সঙ্গে ভাল করে কথাই কইলেন না। নেটিভ থিয়েটার তাঁর মতন পজিশন্যাল ম্যান প্রেফার করে না স্পষ্টই বল্লেন। সেই থিয়েটারের মেয়েমানুষের সঙ্গে প্রাইভেটে ছুটো কথা কহিবার জন্যে আমার হাতে পায়ে ধরাধরি; ঐ ঘরে জোরে দরজা বন্ধ করে বসে আছেন; আপনার স্বামী বিলেত ফেরত ডাক্তার, ঘরের খবর যাই হক, সে দিন রমাকান্ত বাবুর বৈটকখানায় যে করে তেড়ে তেড়ে উঠেছিলেন, নেটিভ থিয়েটার ন্যাষ্টি ন্যাষ্টি—আমি ত চমক খেয়ে গিয়েছিলেম্। সেই তিনি নেটিভ থিয়েটারের অ্যাকট্রেস দেখে উন্মাদ। তাঁর বাড়াবাড়ী কিছু বেশি, তিনিও জোড়ে আছেন। আর আমাদের এডিটার মহাশয় খুব পিউরিটিয়ানগিরি ফলিয়ে বেড়াতে

একদিন রাস্তায় গোটা কতক বেশ্যা খেতে পায় না বলে কিছু ভিক্ষে চেয়েছিল, তিনি অধর্ম্মের প্রশ্রয় দেওয়া হবে বলে, আমার সঙ্গে মহা তর্ক সুরু করলেন। সেই বেশ্যার প্রমাদ পাত্রী হ'য়ে আমার আনুগত্য স্বীকার ক'রেছিলেন, তাঁরাও জোড়ে বদ্ধ আছেন। ভয় নেই, মনে করবেন্ না আপনার বাবুদের চরিত্র কোন রকমে খারাপ হবে। আমার অভি-নেত্রীরা তেমন নয়! সহজে ইজ্জত দিবে না; তবে আমিই কৌশল ক'রে, বাবুদের ভণ্ডামো জাহির করে দেবার জন্যে এইটে ক'রেছি।

সুশীলা। ওমা! যাব কোথায়—যাব কোথায়! মরি যে ঘেন্নায় হায়! হায়! হায়! এ হ'লো কি? হ্যাঁ বউ এ হ'লো কি? ছি—ছি—ছি—আমি মাথা খুঁড়ে মরি।

মতি। করেন কি? করেন কি? অমন করলে সব দিক নষ্ট হবে।

ফটিক। মহাশয় গো! প্রেম—প্রেম—প্রেম! মুরগীর ছানা! প্রেম—প্রেম—প্রেম!

মতি। কি আপদ! আবার ইটিকে সঙ্গে করে আনলেন কেন?

রঙ্গিনী। আমি বাবু ওকে ছেড়ে একলা কোথাও যেতে পারিনি।

ফটিক। মনিব ঠাকরুণ, মনিব ঠাকরুণ! প্রেম—প্রেম—প্রেম! মুরগীর ছানা—প্রেম—প্রেম—প্রেম!

রঙ্গিণী। চলতো চলতো মুখ পোড়া কোথায় আছে, একবার দেখাবে চলতো মুখ ছিঁড়ে দেবো। সতীপনা দেখাতেন খুব! আজ সতীপনা বের ক'রে তবে ছাড়বো।

শশী। ফাই! ফাই! ইংলিস এডুকেশনের এই ফল!

(মাইণ্ড) এখন এত কি কল্‌ আমার মাথা কাটা যাচ্ছে যে হাঁ মহাশয়! আগা গোড়া ব্যাপারটা কি বল্‌তে পারেন?

মতি। দেখুন আপনার ধৈর্য্যশক্তি দেখে আমি খুব আনন্দিত হলেম। হাজার হ'ক্‌ কিছু এডুকেশন আছে কি না। ব্যাপারটা কি জানেন? শুনেছেনত আমি একজন থিয়েটারের অ্যাক্টার! জনকতক লোক আছেন, অবশ্য সমাজে তাদের একটু ইনফ্লুএন্স চলে, থিয়েটারটা ভারি একটা বদ জিনিস, এই আইডিয়া করে বসে আছেন!—তাতে ক'রে আমাদের প্রফেসনের একটু ক্ষতি হয়েছে। এই যেমন রমাকান্ত বাবু, আর তাঁর আনুসঙ্গিক কটি!! আমি বিস্তর চেষ্টা করে দেখেছি, কোন রকমে এদের কটিকে ইনডিউস্‌ করে একদিন থিয়েটারে নিয়ে যেতে পারলেম না!! মনে ভারি অনুতাপিত হলেম? জেদ্‌ হ'ল, যেমন ক'রে হ'ক্‌ এঁদের ভণ্ডাম ভাঙ্গবই ভাঙ্গব! বুঝিয়ে সুঝিয়ে ক'জনকে রাজি ক'রলেম, বাগানে কটি অভিনেত্রীকে নিয়ে আস্‌বো। থিয়েটারে যেমন সেজে গুজে তারা নাচে গায়, বাগানেও তাই ক'রবে। বাস্‌, তারপর বাবুরা দেখে, একেবারেই মোহিত! ইনি বল্‌লেন, আমাকে ইটিকে দাও, উনি বল্‌লেন আমাকে উটিকে দাও!—আমি অভিনেত্রী কটিকে টিপে দিয়ে এক এক ক'রে বাবুদের বন্দবস্ত করে দিলুম। তার পর আপনাদের খবর পাঠিয়ে নিয়ে এলুম। আবার একটা মজা হ'য়েছে কি জানেন, সকলেরই ভয় কেউ না জান্‌তে পারে! রমাকান্ত বাবুর ভয় তাঁর ছেলে যতীন না জান্‌তে পারে, যোতীনেরও ভয় বাবা না জানতে পারে। আর ডাক্তার

সাহেব ও এডিটার মহাশয়! দু'জনে এক হয়ে গেল। লোক দেখান সব গাড়ি করে বাগান থেকে বেরিয়ে গেলেন, আমিও এক এক ঘণ্টা বাদ, সময় নির্দ্ধারণ করে দিলেন। টাইম মত এক এক করে এসে সব উপস্থিত হ'লেন! যথাযথ বন্দোবস্ত ক'রে ঘরে পুরে দিলেন। সকলেই মনে কর'লেন, কারুরই চরিত্র কেউ জানতে পার্‌লে না!

শশী। আর সয় না—আর সয় না,—জুতো জুতো জুতো!

সুশীলা। আর সয় না—আর সয় না, জুতো জুতো জুতো!

রঙ্গিণী। জুতোয় হবে না—জুতোয় হবে না, ছিঁড়ে যাবে, ছিঁড়ে যাবে!—কিনতে পারব না, সুদু পায়ে বেড়াতে হবে!—মুড়ো—ঝাঁটা—মুড়ো ঝাঁটা! মুড়ো ঝাঁটা!

ফটীক। মনিব ঠাকরুণ! মনিব ঠাকরুণ! প্রেম—প্রেম—প্রেম মুরগীর ছানা!—জুতো জুতো জুতো!!!

মতি। তুই থাম্ বাবু! আসুন আসুন—আপনারা আসুন!!

(শশীকলা, সুশীলা, রঙ্গিণী ও ফটীকের)

গীত

গোল ক'র না গোল ক'র না কোথায় নিয়ে যাও,
কোথা আছে কাকে নিয়ে দেখিয়ে সুদ্ধ দাও।
জ্বালা আর কারে কুটি, মারবো চটী টান্‌বো ঝুঁটী,
নিয়ে থিয়েটারের নটী এ কিরে লটখট—
হারে কলিকাল বাবুদের দেখায় হাল,
মনে ফাঁকি সুদুই দেখি মুখে লম্বা চাল;
কাজের খতম হবে যে আজ করি কি তা দেখে নাও।

মতি। বাহবা—বাহবা দেখা যাক্ বাবা কি হয়! বলেছিলেম

না আমরা থিয়েটারের অ্যাক্টার! হাজার হাজার লোক চরিয়ে খাই! আমাদের সঙ্গে ভণ্ডামো সুরু ক'রেছিলে;—কেমন বাবা হাতে হাতে ফল পাও দেখ! হিঁদুয়ানী পিউরিটিয়ান গিরি, এডিটারসিপ, বিলেত ফেরতি চাল, সব হাল আজ মালুম হবে বাবা।

(রমাকান্ত, মিঃ জোন, এডিটার ও গণেশ গোবিন্দকে লইয়া সুশীলা, শশীকলা, রঙ্গিণী, ফটিক এবং অভিনেত্রিগণের প্রবেশ)

সুশীলা। তোর ভণ্ডামীর মুখে ছাই! মুখে হিঁদুয়ানা দেখাতে তাই! কালই গাউন প'রবো। বউয়ের সঙ্গে গড়ের মাঠে হাওয়া খেতে যাব! থিয়েটার বড় খারাপ না? ওমা একি, নটী নিয়ে থিয়েটার আরম্ভ ঝটাপটী! ছি ছি কি জ্বালা কি জ্বালা, দিই ছিঁড়ে ওবিনামের মালা!

শশী। বা—বা বেশ বেশ! এমন না হ'লে নয়? পেয়েছ ইংলিশ এডুকেশন, হয়েছ পিলার অফ্ দি নেশন্! মেতেছ রঙ্গিনীর রঙ্গে, মাথা মুড়লে বাপের সঙ্গে।

রঙ্গিনী। ওরে মুখ পোড়া, এসব কি? ঘরে মাগ্‌কে পেতে দিতে পারিসনি, লজ্জা নেই! আবার এই সব ক'রে বেড়াস্! আজ তোর কিবধি দেখ!

ফটিক। মনিব ঠাকরুণ মনিব ঠাকরুণ, প্রেম প্রেম প্রেম!! মুরগীর ছানা, মুরগীর ছানা, প্রেম প্রেম প্রেম! এডিটার মহাশয়! ঘরেত আপনার আর কেউ নাই, আমি আপনাকে দুটো মিষ্টি চোনা দিই!!! কেমন মিঠে লাগছে? তবে একটা কথা, আপনার বাপ আছে! আপনার ঘরে পরিবার নেই, কিন্তু মনিব ঠাকরুণও নেই, আপনি এদিক ওদিক একটু

কর্‌লে, কেউ দোষ দিতে পার্‌বে না। তবে বক্তব্য এই, তশ্‌খাম্‌খোগুলো আর কর্‌বেন্‌ না। খালি প্রেম প্রেম প্রেম। মুরগীর ছানা! প্রেম প্রেম প্রেম!!!

১ম অভি। ওগো বল্‌বো কি, তোমার কর্ত্তাটিকে ব'ল্‌লুম, আপনি হিন্দুচূড়ামণি, থিয়েটারের নিন্দে করেন, আর আমার সঙ্গে ব'সে প্রেমালাপ ক'র্‌ছেন!! তাতে ব'ল্‌লেন কি, "শ্রীকৃষ্ণের ষাট হাজার গোপিনী ছিল! আমার না হয়! ঘরে একটি, আর তুমি নিয়ে দুটি হ'ল"!

২য় অভি। তোমার কর্ত্তাটিকে ব'ল্‌লুম, আপনি বিলেত গিয়েছিলেন, কত রাঙা রাঙা মেম দেখে এসেছেন, ঘরে আপনার অমন সুন্দরী শিক্ষিতা স্ত্রী!! আপনি থিয়েটারের নারকোল তেল মাখা, বেশ্যার সঙ্গে রসাভাস ক'র্‌ছেন? তাতে উত্তর ক'র্‌লেন, আমি গুণের বড় পক্ষপাতী! তোমার গুণে আমি বশ হ'য়ে গেছি! তোমাদের থিয়েটার এমন, তা আমি জান্‌তেম্‌ না!!

৩য় অভি। তোমার কর্ত্তাটি বল্লেন, যে আমার মাগ বড় ঝগড়াটে!!! ডাইভোর্স ক'রে, এইবার তোমায় বে ক'র্‌বো!

৪র্থ অভি। এডিটার মহাশয় আমাকে ব'লছিলেন যে, তোমার রূপে গুণে, আমি মোহিত হয়েছি! তুমি বিলেত চল, আমি সঙ্গে ক'রে নিয়ে যাব, সেইখানে গিয়ে, তোমায় বিয়ে ক'র্‌বো!!

মতি। আর কথায় কাজ নাই!! এই খানেই কাজের খতম্‌, সব মাথা হেঁট ক'রে, চুপ করে আছেন যে? ছোটো একটা কথা

ন্ ? দেখুন ! যা হবার তাত হয়ে গেল ! একটা কথা ব'লে যাই !! থিয়েটারটা খারাপ জিনিস, খারাপ লোকের পক্ষে হ'তে পারে একটা প্রলোভনের যায়গা ! কিন্তু প্রলোভনটা যদি চোখের সাম্‌নে পড়ে, ক্রমে অভ্যস্ত হ'য়ে সে, প্রলোভন কাটান যায় !! কিন্তু প্রলোভনটা যে কি, কখনও জান্‌তেন্ না, শুন্‌তেন না, তার পরিণাম এই হয় !! থিয়েটারটাকে কনডেম্ ক'রে একটা ভুল আইডিয়ার নিয়ে যদি ঘরে ব'সে না থাকতেন্, সেখানে যদি যাওয়া আসা রাখতেন, তা হ'লে কি এতটা চট, এত মান খাটো হ'য়ে যেত' !! না মানের জুতো খেতে হ'ত ! এটা বেশ জান্‌বেন, থিয়েটার খারাপ জিনিস নয়, লোকের মন খারাপ !! নাউ গুড বাই ফর দি প্রেজেন্ট ; অল্ ওয়েল্ দ্যাটস্ এণ্ডস্ ওয়েল।

( মতিলালের প্রস্থান )

শশী।
সুশীলা।
রঙ্গিণী।
} জুতো জুতো জুতো ! মাথায় ছিঁড়বো মাথায় ছিঁড়বো মাথায় ছিঁড়বো !

ফটিক। প্রেম প্রেম প্রেম ! মুরগীর ছানা ! মুরগীর ছানা ! প্রেম প্রেম প্রেম !!!

সুশীলা শশীকলা ও রঙ্গিণী।

( গীত ) ।

চেপে থাক্ আর কোস্‌নে কথা হলো কাজে খতম।
পরেছি ডিসীন্ চটী, পট পট তোদের পিটি,—
আহা পরিপাটী ! আহা পরিপাটী !!

নইত নেকি জান নাকি আমরা তোদের যম্.—
শুন্‌লে থিয়েটারের নাম, বাবুদের আস্‌তো গায়ে ঘাম,
( এখন ) কাদের প্রেমে হাবুডুবু ( ওগো বাবু ) হারিয়েছ সরম ॥
আমরা যাব থিয়েটার, মানা কর্‌লে গো আবার,
ঠেকিয়ে কলা শুন্‌বো কেন আর,
রাঙালে চোক মানবে কে রোক, খাবে জুতো নরম গরম।

( সকলের প্রস্থান )

পট পরিবর্ত্তন।

উজ্জ্বল দৃশ্য।

গীত।

কি গো দেখ্‌লে কেমন খেল।
কিছু হ'লো কি আক্কেল॥
গলাবাজী বাবুদের নয় কি কেবল ভেল?
(এখন) মন্দ ভাল থিয়েটার, কর'গো বিচার,
বেশী বলবো নাক আর,
আজকে শুধু হাসি খেলা, মনের মেলা গো টু হেল।
To-day gay-day x'mas day goodbye goodbye
"ALL'S WELL THAT END'S WELL."
টু ডে গে ডে এক্সমাস ডে গুড বাই গুড বাই
অলস ওয়েল দ্যাট এণ্ডস ওয়েল।

---

যবনিকা পতন।

---

PRINTED BY RAMHARI PRAMANIC: NEW BENGAL PRESS.
159 Manicktola Street: Calcutta.